

বেসিক ব্যাংক লিমিটেড
ট্রেজারি এবং ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা

সার্কুলার নং # বেসিক/প্রকা/টিসিএমএসডি/২০২০/০২

তারিখঃ ২৬.০৩.২০২০ইং

প্রতিঃ বেসিক ব্যাংক লিমিটেড-এর সকল শাখা প্রধানগন, বিভাগীয় প্রধানগন, রিজিওনাল রিকভারী অফিস প্রধানগন, ইউনিট প্রধানগন, সেলসমূহে দায়িত্বপ্রাপ্ত নির্বাহীগন।

বিষয়ঃ ঋণ ও অগ্রিমের সুদ হার পুনঃনির্ধারণ।

বিগত ২৪.০২.২০২০ তারিখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-৩-এর নির্দেশনা মোতাবেক ব্যাংকের ঋণ ও অগ্রিমের সুদ হার পুনঃনির্ধারণ করা হয়েছে।


আগামী ০১.০৪.২০২০ তারিখ হতে নিম্নোক্ত খাত ব্যতীত সকল অশ্রেণীকৃত ঋণের সুদ হার ৯% কার্যকর হবেঃ

১. ক্রেডিট কার্ড;
২. প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ;
৩. বিশেষ স্কিমসমূহ, যথা-এডিবি ঋণ, পুনঃঅর্থায়ন স্কিম ইত্যাদি; এবং
৪. সকল ধরনের কর্মচারী ঋণ।

এছাড়াও ১ এপ্রিল, ২০২০ তারিখ হতে ঋণ ও অগ্রিমের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ কার্যকর হবেঃ

১. কোন ঋণের উপর উল্লিখিতভাবে সুদ হার ধার্য করার পরও যদি সংশ্লিষ্ট ঋণ গ্রহীতা খেলাপি হিসেবে চিহ্নিত হয় সেক্ষেত্রে যে সময়কালের জন্য খেলাপি হবে অর্থাৎ মেয়াদী ঋণের ক্ষেত্রে খেলাপি কিস্তি এবং চলতি মূলধন ঋণের ক্ষেত্রে মোট খেলাপি ঋণের উপর ২% হারে দণ্ড সুদ আরোপ করা হবে;
২. প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণের বিদ্যমান সুদ হার ৭% অপরিবর্তিত থাকবে;
৩. চলতি বছর হতে ব্যাংকের মোট ঋণ স্থিতির মধ্যে এসএমই'র ম্যানুফ্যাকচারিং খাতসহ শিল্প খাতে প্রদত্ত সকল ঋণ স্থিতি অব্যবহিত পূর্ববর্তী ৩ বছরের গড় হারের চেয়ে কোনভাবেই কম হতে পারবে না;
৪. উপরোক্ত দণ্ড সুদ ব্যতিরেকে ঋণের উপর অন্য কোন সুদ/ দণ্ড সুদ আরোপ করা যাবে না।

সুদ হার সম্পর্কিত যে কোন ব্যাখ্যার প্রয়োজনে নিম্ন স্বাক্ষরকারীগনের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।


মোঃ মাহমুদ হাসান
উপ মহাব্যবস্থাপক




আহসান হোসেন
মহাব্যবস্থাপক